# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী

## প্রতিষ্ঠাতৃ-দিবস

২০এ জানুয়ারি
১৯৮৫

# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী

## প্রতিষ্ঠাতৃ-দিবস, ২০ জানুয়ারি ১৯৮৫

আজ যা প্রেসিডেন্সি কলেজ নামে পরিচিত তা আসলে হিন্দু কলেজেরই নামান্তর। হিন্দু কলেজ প্রতিষ্ঠিত হয়েছিল ১৮১৭ খ্রীস্টাব্দের ২০এ জানুয়ারি। প্রতিষ্ঠা থেকেই দেশবাসীর অমেয় আশা ও উদ্দীপনা একে ঘিরে যেমন গড়ে উঠেছিল তেমনি ভারতবর্ষে আধুনিক শিক্ষা এবং আধুনিক মূল্যমানেরও সূচনা হয়েছিল। ১৮৫৫ খ্রীস্টাব্দে সরকার ঘোষণা করেন যে, এর পরিচালন-ভার সরকার গ্রহণ করবেন, সর্বসম্প্রদায়ের জন্য এর দ্বার উন্মুক্ত রাখা হবে এবং এ কলেজের নাম হবে প্রেসিডেন্সি কলেজ। নতুন নাম ও রূপ নিয়ে প্রেসিডেন্সি কলেজ সেই মূল্যমানের ধারাকেই অব্যাহত গতিতে এগিয়ে নিয়ে গেছে। তার নামান্তর গ্রহণ ও উদার সর্বজনীন রূপ পরিগ্রহণে পৃথক্ প্রতিষ্ঠান সৃষ্টি হয় নি। পুরাণে এক চিরায়ু ফিনিক্স পাখির কথা বলা হয়। সে আত্ম-অবলোপের মধ্য দিয়েই যেমন নতুন কলেবর লাভ করে, তেমনি প্রেসিডেন্সি কলেজের মধ্য দিয়ে হিন্দু কলেজেই পুনরুজ্জীবিত রূপ লাভ করল। তাই ১৮১৭ সালের ২০এ জানুয়ারিই এই মহাবিদ্যালয়ের প্রকৃত জন্মতারিখ।

প্রতিষ্ঠার দিন থেকে ১৬৮ বছর কেটে গেল। কালের এই পথপরিক্রমা সর্বদাই যে বাধাহীন তা নয়। এর যাত্রাপথে কখনও কখনও সংশয়ের দোলা লেগেছিল, এসেছিল নানা ঘাত-প্রতিঘাত ও দুর্যোগ। তবু এর শিক্ষার ধারা প্রথমাবধি উৎকর্ষ ও মঙ্গলের আদর্শকে বরণ ক'রে নিয়েছিল ব'লে এর প্রাণশক্তি আজও অফুরন্ত আর এর সার্থকতা ভারতবর্ষের জাতীয় জীবনের বহুল পরিবর্তন সাধনে নেপথ্যচারিণী ধাত্রীমাতার ভূমিকায়।

এই ঐতিহ্যমণ্ডিত কলেজ স্থাপনের ব্যাপারে যাঁদের অক্লান্ত পরিশ্রম, অনলস প্রচেষ্টা, প্রভূত উৎসাহ এবং অমেয় আন্তরিকতা সেই ভবিষ্যদ্দ্রষ্টা পূর্বসূরিদের আমরা আজ স্মরণ করি। স্যার এডওয়ার্ড হাইড ঈস্ট, বৈদ্যনাথ মুখোপাধ্যায়, রামমোহন রায়, ডেভিড হেয়ার, জোসেফ ব্যারেটো, জে এইচ হ্যারিংটন, লেফটেনান্ট-কর্নেল ফ্রান্সিস আরভিন, বর্ধমানের মহারাজা তেজচাঁদ বাহাদুর, পাথুরেঘাটার গোপীমোহন ঠাকুর, গঙ্গানারায়ণ দাস, গোপীমোহন দেব, রসময় দত্ত, বড়বাজারের মল্লিক পরিবার, রাধামাধব বন্দ্যোপাধ্যায়, জয়কৃষ্ণ সিংহ, হরিমোহন ঠাকুর প্রমুখ বরেণ্য ব্যক্তিদের প্রতি আমরা আমাদের ভক্তি ও শ্রদ্ধা নিবেদন করি।

### আলোচ্য বছরে প্রেসিডেন্সি কলেজের বিভিন্ন বিভাগে অগ্রগতি

এ বছরও প্রেসিডেন্সি কলেজ যে তার অতীত গৌরব অক্ষুন্ন রাখতে পেরেছে তা পরীক্ষার ফল এবং বিভাগীয় বিবরণী থেকে জানা যাবে। বিভিন্ন বিভাগের অধ্যাপকগণ নিষ্ঠার সঙ্গে অধ্যয়ন-অধ্যাপনায় নিরত থেকে জ্ঞানের দীপ জ্বালিয়ে রেখেছেন, বিভিন্ন বিভাগের অধ্যাপকদের পরিচালনায় কলেজের শিক্ষকমণ্ডলী ও বহিরাগত গবেষকরা তাঁদের অত্যন্ত মূল্যমান গবেষণা-কার্য চালিয়ে যাচ্ছেন। বিভিন্ন বিভাগের ছাত্রছাত্রী ও অধ্যাপকমণ্ডলী দেশবিদেশের পণ্ডিত মনীষীদের আমন্ত্রণ ক'রে এনে বিভাগীয় সেমিনার বক্তৃতামালার আয়োজন করেছিলেন। অন্যান্য বছরের মত এ বছরও বিভিন্ন বিভাগের উদ্যোগে শিক্ষামূলক ভ্রমণের ব্যবস্থা হয়েছিল। গ্রন্থাগারে সংযোজিত হয়েছে নূতন ও মূল্যবান গ্রন্থ এবং পত্রপত্রিকা।

**উল্লেখযোগ্য সংবাদ**

১। টি এস স্টার্লিং অস্থি তহবিলে গচ্ছিত টাকার সুদ থেকে প্রতি বছর মাসিক চল্লিশ টাকা হারে তিরিশটি বৃত্তির ব্যবস্থা আছে। এই তহবিলের আরও এক লক্ষ পঁচিশ হাজার টাকার সুদ ছাত্রকল্যাণে লাগানোর প্রস্তাব আছে। দুঃখের বিষয় এ বিষয়ে বেশি দূর অগ্রসর হাওয়া সম্ভব হয় নি।

২। ইউ জি সি-র অনুদানে বুক ব্যাংক কলেজে চালু আছে। যদিও নতুন অনুদান কয়েক বছর পাওয়া যায় নি।

৩। প্রেসিডেন্সি কলেজের প্রাক্তন অধ্যাপক প্রফুল্লচন্দ্র ঘোষের স্মৃতির উদ্দেশ্যে গঠিত তহবিলের সুদের টাকা থেকে ইংরেজীতে এম এ পরীক্ষায় যারা উত্তীর্ণ হয়েছে তাদের মধ্যে সর্বাধিক মানপ্রাপ্ত ছাত্রকে ১৭৭ টাকার বই পুরস্কার দেবার ব্যবস্থা আছে। কিন্তু ১৯৮২ সালের ক্ষেত্রে কোনও ছাত্র না থাকায় সেই পুরস্কার দেওয়া যায় নি। ১৯৮৩-র এম এ পরীক্ষার ফল এখনও বেরোয় নি।

৪। অধ্যাপক তারকনাথ সেন স্মৃতি রক্ষার্থে এই কলেজের প্রাক্তন অধ্যাপক ডঃ হরপ্রসাদ মিত্র ৫০ টাকার মূল্যের বই পুরস্কার দেবার ব্যবস্থা করেছিলেন। এই পুরস্কার আগেকার বি এ পাঠক্রমের আবশ্যিক বাংলায় সর্বাধিক মানপ্রাপ্ত ছাত্র পেত। পাঠক্রমের বদল হওয়ায় এবং বি এ-তে বাংলা আর আবশ্যিক না থাকায় ডঃ মিত্র ইচ্ছা প্রকাশ করেছেন যে, এই পুরস্কার ঐচ্ছিক বাংলায় পার্ট ওয়ান পরীক্ষায় সর্বাধিক মানপ্রাপ্ত ছাত্র লাভ করুক। কিন্তু ১৯৮৩ সালে ঐ বিষয় নিয়ে কোনও ছাত্র পড়াশুনা করে নি ব'লে এ বছর ঐ পুরস্কার পাবে সেই ছাত্র বা ছাত্রী যে পার্ট ওয়ান ও পার্ট টু দুটি পরীক্ষাতে সাম্মানিক বাংলায় মোটের ওপরে সবচেয়ে বেশি নম্বর পাবে। কিন্তু ১৯৮৬ সাল থেকে পুরস্কার যথারীতি ঐচ্ছিক বাংলায় পার্ট ওয়ানে যে বেশি নম্বর পাবে সেই লাভ করবে।

**ছাত্রসংখ্যা ও বৃত্তি**

১৯৮৪ সালে কলেজে মোট ছাত্রছাত্রীর সংখ্যা ১,৩১৮। এঁদের মধ্যে ছাত্রসংখ্যা ৬৮৫ এবং ছাত্রীসংখ্যা ৬৩৩। সরকারী বৃত্তি (স্টেট স্কলারশিপ) পেয়েছে ১০ জন। ন্যাশনাল ট্যালেন্ট সার্চ—সাত জন।

**উল্লেখযোগ্য ফল**

১৯৮৩ সালের বি এ/বি এস-সি পরীক্ষার ফল গৌরবজনক। বি এ ক্লাসে বাংলা বিভাগে ১৬ জন ছাত্রছাত্রী পরীক্ষা দিয়েছিল। এদের সকলেই সসম্মানে উত্তীর্ণ হয়েছে। হিন্দী বিভাগে একজন ছাত্রী শ্রীমতী কবিতা মেহরোত্রা শতকরা ৭০ নম্বর পেয়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ে এই বিষয়ে রেকর্ড নম্বর পেয়েছে। শ্রীমতী কবিতা কলেজের বি এ ক্লাসের ছাত্রদের মধ্যেও কলা বিষয়ে সব চেয়ে বেশি নম্বর পেয়ে সিন্ধিয়া স্বর্ণ পদক লাভের যোগ্য ব'লে বিবেচিত হয়েছে। ইংরেজী বিভাগে ১৪ জন ছাত্রছাত্রী পরীক্ষা দিয়েছিল। সকলেই উত্তীর্ণ হয়েছে, আর উল্লেখযোগ্য এই যে, এদের মধ্যে তিনজন প্রথম শ্রেণীর অনার্স পেয়েছে। ইতিহাস বিভাগে প্রথম শ্রেণীর অনার্স নম্বর পেয়েছে ছ জন। পরীক্ষা দিয়েছিল ১৮ জন। সকলেই অনার্স

পেয়েছে। **দর্শন** বিভাগে তিনজন পেয়েছে প্রথম শ্রেণী। এদের মধ্যে একজন কলকাতা বিশ্ববিদ্যালয়ে প্রথম স্থানাধিকারী। এই বিভাগে পরীক্ষা দিয়েছিল ২৩ জন ছাত্রছাত্রী। ২৩ জনই অনার্স পেয়েছে। **রাষ্ট্র বিজ্ঞান** বিষয়ে প্রথম শ্রেণীর অনার্স পেয়েছে চার জন। উত্তীর্ণ হয়েছে ১৯ জন, আর ১৯ জনই ছিল পরীক্ষার্থীর সংখ্যা। **সংস্কৃত** বিষয়ে অনার্স নিয়ে একজন পরীক্ষা দিয়েছিল, সে প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। অর্থাৎ কলা বিষয়ে ৯১ জন পরীক্ষার্থীর মধ্যে শতকরা একশ জনই সসম্মানে উত্তীর্ণ হয়েছে।

বিজ্ঞান শাখায় **পদার্থবিদ্যা** বিভাগের ২৭ জন ছাত্রছাত্রীর মধ্যে ১৯ জনই প্রথম শ্রেণীর অনার্স পেয়েছে। **রসায়ন** বিভাগে পাঁচ জন প্রথম শ্রেণীর অনার্স পেয়েছে। মোট পরীক্ষার্থীর ২২ জনই উত্তীর্ণ। **গণিত** বিভাগে দুই জন প্রথম শ্রেণীর অনার্স পেয়েছে, পরীক্ষার্থীর সংখ্যা ছিল সাত জন। ছয় জন উত্তীর্ণ হয়েছে। **ভূগোল** বিভাগে ১৬ জনের মধ্যে আট জনই প্রথম শ্রেণীতে পার্ট টু পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। এই বিভাগ থেকে এম এ/এম এস-সি পরীক্ষায় চার জন ছাত্রের মধ্যে তিন জনই প্রথম শ্রেণীতে উত্তীর্ণ। **ভূতত্ত্ববিদ্যা** বিভাগে ১৯৮৩-র বি এস-সি পার্ট টু পরীক্ষায় ১৮ জনের মধ্যে ১৪ জন এবং এম এস-সি ১৯৮২-র পরীক্ষায় আট জনের মধ্যে আট জনই প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। **উদ্ভিদ্‌বিদ্যা** বিভাগের ২২ জন পার্ট ওয়ানে পরীক্ষা দিয়েছিল। তাদের মধ্যে ১৪ জনই প্রথম শ্রেণীতে উত্তীর্ণ। ১৯৮৩-র পার্ট টু-তে পাঁচ জন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। **প্রাণীবিদ্যা** বিভাগে পার্ট ওয়ান ও পার্ট টু দুটি পরীক্ষাতেই একজন ক'রে ছাত্র প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। **শারীরবিদ্যা** বিভাগে ১৯৮৩-র বি এস-সি পার্ট টু পরীক্ষায় তিন জন ছাত্র প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। **রাশিবিজ্ঞান** বিভাগ থেকে আট জন ছাত্রের মধ্যে চার জন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।

বিজ্ঞান বিভাগে মোট ১৫৯ জন ছাত্র বি এস-সি পার্ট টু পরীক্ষা দিয়েছিল। তাদের মধ্যে ১৫৫ জনই সসম্মানে উত্তীর্ণ হয়েছে এবং এদের মধ্যে মোট ৬৬ জন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। কয়েকজন পরীক্ষা সম্পূর্ণ দেয় নি।

### অধ্যাপকমণ্ডলীর পরিবর্তন

**বাংলা বিভাগে** গত ১৯৮৩-৮৪ শিক্ষাবর্ষে অনেকগুলি পরিবর্তন হয়েছে। এই বিভাগ থেকে ডঃ বিমলকুমার চট্টোপাধ্যায়, ডঃ অজয় ঘোষ, শ্রীসুধীন্দ্রনাথ দেবনাথ এবং শ্রীবাবুরামপ্রসাদ বন্দ্যোপাধ্যায় চলে গিয়েছেন এবং এঁদের জায়গায় শ্রীঅরুণ ঘোষ, শ্রীসোমেন্দ্রনাথ মিত্র, শ্রীহরেকৃষ্ণ রায় এবং ডঃ প্রশান্তকুমার দাশগুপ্ত যোগ দিয়েছেন।

বাংলা বিভাগের প্রধান অধ্যাপক পদে অধ্যাপক ডঃ শ্যামলকুমার চট্টোপাধ্যায় যোগ দিয়েছেন। তিনি হুগলী মহসীন কলেজ থেকে এসেছেন।

**হিন্দী বিভাগে** চারটি আংশিক সময়ের লেকচারার পদে ডঃ বীরেন্দ্রকুমার মল্লিক, ডঃ রামকিশোর সিং, অধ্যাপক প্রেমশংকর ত্রিপাঠী এবং শ্রীবিমলেশ্বর দ্বিবেদী যোগ দিয়েছেন। দার্জিলিং থেকে বদলি হয়ে এসেছেন শ্রীরামরাজ সিং।

**অর্থনীতি বিভাগে** অধ্যাপক অমিত দত্ত অবসর গ্রহণ করলে তাঁর যে পদ শূন্য হয়েছে তা এখনও পূরণ করা হয় নি ; অন্যদিকে ডঃ সুগত মারজিৎ এই বিভাগের সেন্টার ফর ইকনমিক স্টাডিজের রিসার্চ অ্যাসোসিয়েট হিসাবে যোগ দিয়েছেন। ডঃ জয়শ্রী দত্ত সাউদাম্পটন বিশ্ববিদ্যালয়ে যোগ দিয়েছেন। সেন্টারের একজন রিসার্চ অ্যাসোসিয়েট ডঃ প্রদীপ্ত চৌধুরী হায়দ্রাবাদের কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে যোগ দিয়েছেন।

**ইতিহাস বিভাগে** তিনজন অধ্যাপক চলে গেছেন। এ'রা হলেন শ্রীমণ্ডলীমোহন রায়চৌধুরী, শ্রীসুদিন চট্টোপাধ্যায় এবং শ্রীসুকুমার বন্দোপাধ্যায়। এ'দের জায়গায় এসেছেন দুজন ডঃ সুবোধ মুখোপাধ্যায় এবং শ্রীপ্রদীপ রায়।

**রাষ্ট্রবিজ্ঞান বিভাগের** অধ্যাপক অঞ্জন সরকার এবং স্বাধীনরঞ্জন দাস বদলি হয়ে চলে গেছেন। তাঁদের জায়গায় এসেছেন অধ্যাপক অশোক মুস্তাফী এবং রবীন্দ্রমোহন চৌধুরী। এছাড়া বিভাগে যোগ দিয়েছেন অধ্যাপক অতীন্দ্রমোহন মুখোপাধ্যায় ও সমীরকুমার দাস।

এই বিভাগের ইউ জি সি টিচার ফেলো শ্রীঅশোক সরকার তাঁর কার্যকালের মেয়াদ শেষ হওয়াতে চলে গেছেন। এদিকে অধ্যাপিকা দীপিকা মজুমদার এবং অধ্যাপক মনোরঞ্জন মিশ্র যোগ দিয়েছেন।

গভীর দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, এই বিভাগের প্রাক্তন প্রধান অধ্যাপক ইউ এন ঘোষাল পরলোকগমন করেছেন। তিনি বিভাগে ১৯৬৩ পর্যন্ত কাজ করেছেন এবং বিভাগটিকে সম্প্রসারিত করেছেন।

**দর্শন বিভাগে** অধ্যাপক সঞ্জয়গোপাল রায় পোদ্দার যোগ দিয়েছেন।

**ভূগোল বিভাগে** যোগ দিয়েছেন চন্দননগর কলেজ থেকে শ্রীরামচন্দ্র মুখোপাধ্যায় এবং শ্রীপ্রদীপকুমার মুখোপাধ্যায়। শ্রীঅনাদিপ্রসাদ মুখোপাধ্যায় বদলি হয়ে গেছেন দার্জিলিং এবং শ্রীআশিষকুমার সেন চন্দননগর।

**ভূতত্ত্ব বিভাগে** কোনও পরিবর্তন হয় নি, কিন্তু বিভাগে একটি প্রফেসর পদ, একটি অ্যাসিসট্যান্ট প্রফেসর বা লেকচারার পদ এবং একটি ডেমনস্ট্রেটরের পদ এখনও খালি রয়েছে।

**পদার্থবিদ্যা বিভাগের** শ্রীগণেশচন্দ্র ঘোষ বদলি হয়ে গেছেন বারাসাত সরকারী কলেজে এবং শ্রীনিতাইচরণ মুখার্জী যোগ দিয়েছেন।

**পুনর্নিযুক্ত** ডঃ এ কে রায়চৌধুরীর বদলে বিভাগীয় প্রধানের ভার গ্রহণ করেছেন ডঃ এস সেনগুপ্ত এ বছরের নভেম্বর মাস থেকে।

**রসায়ন বিভাগের** অধ্যাপক স্বপন দত্ত গুপ্ত, ইন্দুভূষণ রায় ও অরুণ চৌধুরী বদলি হয়েছেন। বিভাগে নতুন এসেছেন ডঃ পি কে সেন, শ্রীরঞ্জিত দে, ডঃ শ্যামাপ্রসাদ গোস্বামী, ডঃ বলাই কুণ্ডু, ডঃ স্নিগ্ধা গাঙ্গুলী, শ্রীধূর্জটীপ্রসাদ দাশশর্মা ও শ্রীদুলাল দাস। দীর্ঘকাল অধ্যাপনার পর অবসর গ্রহণ করেছেন ডঃ সুবোধ চক্রবর্তী এবং ডঃ তারকেশ্বর চক্রবর্তী।

গণিত বিভাগ থেকে অধ্যাপক ডঃ পি রায় চৌধুরী এবং সি কে চ্যাটার্জী অবসর গ্রহণ করেছেন। অধ্যাপক শ্রী বি এন চক্রবর্তী এবং ডঃ এম মিত্র বিভাগে যোগ দিয়েছেন।

উদ্ভিদ্‌বিদ্যা বিভাগে ডঃ এ কে দত্ত দীর্ঘকাল অধ্যাপনার পর সরকারী কাজ থেকে অবসর নিয়েছেন। শ্রী কে জেড ইসলাম বদলি হয়ে গেছেন কৃষ্ণনগর কলেজে। শ্রী এ কে কুন্ডু বদলি হয়েছেন দার্জিলিং সরকারী কলেজে। ডঃ দত্ত-র শূন্যপদে শ্রী এন ভট্টাচার্য, শ্রী ইসলামের শূন্যপদে হুগলী মহসীন কলেজ থেকে ডঃ অমলকুমার মুখার্জী এবং শ্রী কুন্ডুর শূন্যস্থানে ডঃ বি বি দেওয়ান এসেছেন। তিনিও এসেছেন হুগলী মহসীন কলেজ থেকে।

শারীরবিদ্যা বিভাগঃ এই বিভাগ থেকে অধ্যাপক পি সি কর্মকার, ডঃ অশোককুমার দেবনাথ এবং অধ্যাপক বিশ্বনাথ পাইন হুগলী মহসীন কলেজে বদলি হয়েছেন। অন্যদিকে হুগলী মহসীন কলেজ থেকে ডঃ হরিপদ চট্টোপাধ্যায়, ডঃ গদাধর সাহু এবং ডঃ চন্দন মিত্র যোগ দিয়েছেন। ডঃ চট্টোপাধ্যায় বিভাগীয় প্রধানের দায়িত্বভার গ্রহণ করেছেন।

**অফিস**

চীফ অ্যাকাউন্ট্যাট শ্রীবিতোষকুমার আচার্য অবসর গ্রহণ করেন। প্রধান সহায়ক শ্রীমিহিরমোহন বসু অন্যত্র বদলি হওয়ায় শ্রীকেশবচন্দ্র বসু মহাশয় উক্ত পদে যোগদান করেন। এছাড়া অফিসের শ্রীঅনাথবন্ধু ঘোষ, শ্রীদুলালচন্দ্র সরকার, শ্রীরমেন্দ্র নারায়ণ ভট্টাচার্য প্রমুখের পদোন্নতি হওয়ার জন্য অন্যত্র বদলি হয়ে যান এবং উক্ত পদগুলিতে যথাক্রমে শ্রীপবিত্র দাশশর্মা, শ্রীনারায়ণচন্দ্র দে ও শ্রীসুবলচন্দ্র গুহ প্রমুখ যোগদান করেন।

**গ্রন্থাগার**

১৯৮৪-র ৩১এ মার্চ পর্যন্ত গৃহীত হিসাব অনুযায়ী কলেজ গ্রন্থাগারে গ্রন্থসংখ্যা দাঁড়িয়েছে ১,৩৭,৬৫৯। ১৯৮৩-৮৪ সালে কেনা বই ও পত্রিকার সংখ্যা ১,৫২১ ও ১২৫। উপহার হিসাবে পাওয়া গেছে ৬৬ খানি বই ও পত্রিকা।

১৯৮৩-৮৪ সালে মোট ব্যবহৃত বইয়ের সংখ্যা ১,২০,৪৪১ খানি। এর মধ্যে বাড়িতে পড়বার জন্য ৪৪,৭৬৭ খানি এবং বিভাগীয় সেমিনারে ব্যবহার করার জন্য ২,৮৩৫ খানি বই দেওয়া হয়েছে।

পুরানো রসায়ন বিভাগের হলঘরটিতে একটি দ্বিতল স্টীল বুক র‍্যাক যা ১৯৮২-৮৩ সালে নির্মিত হয়েছিল তাতে কলা বিভাগের কিছু বই ও পত্রিকা রাখার ব্যবস্থা হয়েছে। হলটি এখনও সম্পূর্ণ ব্যবহারযোগ্য হয়ে ওঠে নি। বইগুলির সংরক্ষণের জন্য আরও আলো, পাখার ব্যবস্থা করা দরকার। এ ব্যাপারে পূর্ত বিভাগকে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হয়েছে।

অর্থনীতি ও রাষ্ট্রবিজ্ঞানের গ্রন্থাগারে স্থানাভাব সমস্যা এখনও আছে। এই গ্রন্থাগারের অবিলম্বে সম্প্রসারণ প্রয়োজন।

বই ও পত্রপত্রিকা ঝাড়পোঁছ করবার জন্য দুজন 'ফরাস' দরকার। নিয়মিত ঝাড়পোঁছ করলে বই ও পত্রিকা অবক্ষয় থেকে রক্ষা পায়। এছাড়া ক্রমবর্ধমান কাজের চাপের মোকাবিলা করার জন্য

প্রয়োজনভিত্তিক কর্মী-কাঠামোর রূপরেখা অনুসারে অতিরিক্ত কর্মচারী নিয়োগ করা খুব প্রয়োজনীয় হয়ে পড়েছে। এছাড়া গ্রন্থাগারের মত গুরুত্বপূর্ণস্থানে যে চতুর্থ শ্রেণীর কর্মচারীরা আছেন তাঁদের উন্নততর বেতনক্রমের দাবির নিষ্পত্তি হওয়াও একান্ত দরকার।

গ্রন্থাগারটি যাতে সব ছাত্রছাত্রী ও অধ্যাপক এবং গবেষকগণ অধিকতর সময় ব্যবহার করতে পারেন তার জন্যও একটি ব্যবস্থা নেওয়া দরকার। গ্রন্থাগারে নিত্যব্যবহার্য উপযুক্ত সরকারী ফর্ম ছাপাবার জন্য ডব্লু বি জি প্রেস-কে লেখা হয়েছে। এর অভাবেও সুষ্ঠুভাবে কাজ চালাতে অসুবিধা হচ্ছে।

**বিভিন্ন বিভাগের সংবাদ**

**ইংরেজী বিভাগঃ** অন্যান্য বছরের মত এবারও ইংরেজী বিভাগের কয়েকটি উল্লেখযোগ্য বক্তৃতা ও আলোচনার আয়োজন করা হয়। ফেব্রুয়ারী মাসে কেন্ট বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা শ্রীমতী মলি মাহুড 'শেকস্‌পিয়রের পার্শ্বচরিত্র' বিষয়ে একটি বক্তৃতা দেন। বিভাগীয় ছাত্র-ছাত্রীরা কয়েকটি আলোচনাচক্রের আয়োজন করে। তার মধ্যে মধ্যযুগীয় কাব্য ও সংগীত নিয়ে একটি অনুষ্ঠান বিশেষভাবে স্মরণীয়।

ছাত্রছাত্রীরা বিভাগীয় সেমিনার লাইব্রেরীর বইগুলির উপযুক্ত সংরক্ষণ ও বর্গীকরণের ব্যবস্থা করেছে। বিভাগীয় অনার্স লাইব্রেরীতেও অনুরূপ ব্যবস্থা গ্রহণের পরিকল্পনা গৃহীত হয়েছে।

অধ্যাপিকা শ্রীমতী সুরভি বন্দোপাধ্যায় তাঁর ডি ফিল গবেষণাপত্র কলকাতা বিশ্ববিদ্যালয়ে দাখিল করেছেন। তাঁর গবেষণার বিষয়ঃ E.M. Forster's Howards End: A stylistic Analysis.

অন্যান্য অধ্যাপকেরাও তাঁদের নিজ নিজ ক্ষেত্রে পঠনপাঠন, বক্তৃতাদান ও অন্যান্য সারস্বত প্রচেষ্টাও অব্যাহত রেখেছেন। শ্রীশান্তিরাম চট্টোপাধ্যায় নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন লোকশিক্ষা পরিষদে মধ্যশিক্ষা পর্ষদ আয়োজিত ১৫ দিনব্যাপী ইংরেজী প্রশিক্ষক-প্রশিক্ষণ শিবিরে বিশেষজ্ঞরূপে গিয়েছিলেন। ডঃ সুকান্ত চৌধুরী হায়দ্রাবাদ বিশ্ববিদ্যালয়ে শেকস্‌পিয়র বিষয়ক একটি সেমিনারে যোগ দেন এবং সেখানে The Tragic Libertines; Self-Expression in the Tragedies of Shakespear of His Contemporaries নামে প্রবন্ধ পাঠ করেন। তিনি বিশ্বভারতীতেও একটি বক্তৃতা দেন। বক্তৃতার বিষয় ছিলঃ What is Metaphysical Poetry?

শ্রীমতী সুদেষ্ণা চক্রবর্তী রবীন্দ্রভারতী আয়োজিত একটি সেমিনারে প্রবন্ধ পাঠ করেন। প্রবন্ধের নামঃ Social Consciousness and the Role of Women in the Victorian Novel : Charlotte Bronte and Elizabeth Gaskell.

১৯৮৩ সালের বি এ পার্ট ওয়ান পরীক্ষায় ইংরেজী বিভাগের তিনজন ছাত্রী প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। পার্ট টু পরীক্ষাতেও তিনজন ছাত্রী প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।

**হিন্দী বিভাগঃ** হিন্দী বিভাগে সাম্মানিক স্তরে পাঠন ১৯৮১-৮২ শিক্ষাবর্ষে শুরু হলেও অল্প সময়ের মধ্যে বিভাগটির ছাত্রছাত্রীরা পরীক্ষায় খুব ভাল ফল করেছে। পার্ট ওয়ান বি এ পরীক্ষাতে শ্রীমতী কবিতা মেহরোত্রা ৭০% নম্বর পেয়ে শুধু প্রথম শ্রেণীতে প্রথম হয় নি, এই বিষয়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ের এ যাবৎ সর্বোচ্চ নম্বর লাভের গৌরব অর্জন করেছে। শ্রীমতী কবিতা প্রেসিডেন্সি কলেজের কলা বিভাগের মধ্যেও সর্বোচ্চ স্থান অর্জন করেছে ব'লে 'সিন্ধিয়া স্বর্ণপদক' পেয়েছে।

হিন্দী বিভাগের সেমিনারের কাজও সন্তোষজনকভাবে এগিয়ে চলেছে। নানা শিক্ষামূলক আলোচনাচক্রের আয়োজন করা হয়েছিল যাতে কলেজের অধ্যাপকগণ ছাড়াও বিক্রম বিশ্ববিদ্যালয়ের ডঃ রামমূর্তি ত্রিপাঠী, কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শ্রীবিষ্ণুকান্ত শাস্ত্রী, ডঃ দয়ানন্দ শ্রীবাস্তব, ডঃ রামপ্রীত উপাধ্যায় এবং ডঃ শম্ভুনাথ শ যোগ দিয়েছিলেন।

দক্ষিণ আমেরিকার পারামারিবোর-র সুরিনাম হিন্দী পরিষদের সম্পাদক শ্রীসূর্যপ্রসাদ বিবে, যিনি দিল্লীর সেন্ট্রাল হিন্দী ইনস্টিটিউটের ছাত্র হিসাবে এদেশে এসেছিলেন, তাঁকে হিন্দী বিভাগ স্বাগত জানায়। তাঁর এদেশে আসাটা ভারত সরকার কর্তৃক পৃষ্ঠপোষিত ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশনস-এর উদ্যোগে সম্ভব হয়েছিল।

হিন্দী বিভাগের ছাত্রছাত্রীরাও রাজেন্দ্রপ্রসাদ স্মৃতিরক্ষা সমিতি প্রদত্ত 'দেশরত্ন হিন্দী বৈজয়ন্তী' নামে রানিং ট্রফিটি অর্জন করেছে। এটা সম্ভব হয়েছে হিন্দীতে বিতর্কসভায় যোগ্যতা দেখাবার জন্য। বিতর্কের আয়োজন করেছিল এই কলেজের ছাত্র ইউনিয়ন। ছাত্রদের Melieu of 1983 -তে এই কলেজের প্রাক্তন ছাত্র ও ভারতের সর্বপ্রথম রাষ্ট্রপতি ডঃ রাজেন্দ্র প্রসাদের শতবর্ষে সব ব্যাপারটি আয়োজিত হয়।

**অর্থনীতি বিভাগঃ** এই বিভাগে অধ্যাপক অমিত দত্ত অবসর গ্রহণ করলে তাঁর শূন্যপদ এখনও শূন্যই রয়েছে। বিভাগের অন্তর্গত 'সেন্টার ফর ইকনমিক স্টাডিজ'-এর থেকে চলে গেছেন ডঃ জয়শ্রী দত্ত, তিনি ইংলন্ডের সাউদাম্পটন বিশ্ববিদ্যালয়ে যোগ দিয়েছেন এবং শ্রীপ্রদীপ্ত চৌধুরী গেছেন হায়দ্রাবাদের কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে। ডঃ সুগত মারজিৎ সেন্টারে রিসার্চ অ্যাসোসিয়েট হিসাবে যোগ দিয়েছেন।

বিভাগের পরীক্ষার ফল সন্তোষজনক। ১৯৮৩-র পার্ট টু পরীক্ষায় বিভাগের ৯ জন ছাত্র প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। ১৯৮৪-র পার্ট টু পরীক্ষার ফল এখনও বেরোয় নি। কিন্তু পার্ট ওয়ানে এগারোজন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।

অর্থনীতি বিভাগের তৃতীয় বর্ষে ২৬, দ্বিতীয় বর্ষে ৩০ এবং প্রথম বর্ষে ২৬ জন ছাত্রছাত্রী রয়েছে।

এই বিভাগে গবেষণামূলক কাজ যা হচ্ছে তাতে তার পূর্বতন গৌরব অক্ষুণ্ণ আছে। এই বিভাগের অধ্যাপকদের অধীনে ছয় জন জুনিয়ার ও একজন সিনিয়ার রিসার্চ ফেলো কাজ করছেন। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের খ্যাতিসম্পন্ন অধ্যাপকেরা এসে বিভাগীয় সেমিনারে বক্তৃতা ক'রে যাচ্ছেন। কানাডার টোরান্টো বিশ্ববিদ্যালয় থেকে ডঃ এইচ ঈস্টম্যান এসে বক্তৃতা করেছেন। তাঁর

বিষয়ঃ Regional Growth Process in Canada. এ ছাড়া তাঁর আরও একটি বক্তৃতার বিষয় Aspects of Federal-State Fiscal Relatives in Canada. ডঃ এস রায় এসেছিলেন University of Connecticut (আমেরিকা যুক্তরাষ্ট্র) থেকে। তাঁর আলোচিত বিষয়ের নামঃ Unobservable Factors in the Measurement of the Efficiency of Firms. ডঃ দিলীপ মুখার্জী এসেছিলেন Stanford University থেকে। তাঁর আলোচিত বিষয়ের নামঃ Micro-Theories of Unemployment based on Asymmetric Information.

**ইতিহাস বিভাগঃ** ইতিহাস বিভাগের সেমিনারের উদ্যোগে ১৯৮৪ সালের ৮ই জানুয়ারি এক জমকালো পুনর্মিলন উৎসব অনুষ্ঠিত হয়। সেই উপলক্ষে কলেজে প্রায় পাঁচশোর মত প্রাক্তন ছাত্রছাত্রী এবং কয়েকজন প্রাক্তন শিক্ষক এসেছিলেন। বিভাগের সেমিনারে অস্ট্রেলিয়ার Flinders University থেকে এসেছিলেন অধ্যাপক John Berwick. তাঁর ভাষণের বিষয় ছিল 'বিশ শতকের বিশের দশকে কলকাতার ছাত্র-আন্দোলন'। বিভাগের অধ্যাপকগণ গবেষণা ও গ্রন্থরচনাও করেছেনঃ বিভাগীয় প্রধান ডঃ রজতকান্তি রায়ের Social Conflict and Political Unrest in Bengal (1875—1927) বইটি অক্সফোর্ড ইউনিভারসিটি প্রেস থেকে প্রকাশিত হয়েছে। এটি তাঁর Cambridge University তে প্রাপ্ত Ph.D.-র থিসিসের মার্জিত সংস্করণ। বিভাগের অধ্যাপক ডঃ দেবেন্দ্রবিজয় মিত্র বেঙ্গল প্রেসিডেন্সির মুদ্রা ব্যবস্থা নিয়ে গবেষণানিরত। ডঃ সুবোধ মুখোপাধ্যায়ের 'বাংলার আর্থিক ইতিহাস'-এর প্রথম খণ্ড অচিরেই প্রকাশিত হবে।

**রাষ্ট্রবিজ্ঞান বিভাগঃ** এই বিভাগের ছাত্রছাত্রীরা আগের আগের বছরের মতই পরীক্ষায় ভাল ফল করেছে। বিভাগের দ্বিতীয় পুনর্মিলন উৎসব হয়ে গেছে এবং তৃতীয় পুনর্মিলন উৎসব ও রজতজয়ন্তী উৎসব একসঙ্গেই উদ্‌যাপিত হবে। তার প্রস্তুতি চলছে।

বিভাগীয় প্রধান ডঃ অমলকুমার মুখোপাধ্যায় গত বারো বছর ধরে Socialist perspective নামে একটি ত্রৈমাসিক পত্রিকা সম্পাদনা ক'রে চলেছেন। তিনি বর্ধমান বিশ্ববিদ্যালয় ও ইউ জি সি কর্তৃক যৌথভাবে আয়োজিত আন্ডার-গ্রাজুয়েট স্তরের কলেজ শিক্ষকদের রিফ্রেশার কোর্সের এক ওয়ার্কশপে আমন্ত্রিত লেকচারার হিসাবে গিয়েছিলেন। এছাড়া পশ্চিমবঙ্গের Administrative Training Institute-এ সিভিল সার্ভিসে শিক্ষানবীশদের কাছে লেকচার কোর্সের জন্যও আমন্ত্রিত হয়ে গিয়েছিলেন। ভারতে রাষ্ট্রপতিশাসিত সরকার প্রবর্তনের প্রস্তাব বিষয়ে 'যুগান্তরে' ও বর্তমান সময়ের ভারতীয় রাজনীতি বিষয়ে 'প্রতিক্ষণে' তিনি দুটি সাক্ষাৎকার দিয়েছেন। তাঁর অধীনে ইউ জি সি টিচার ফেলো বা গবেষণা করছেন।

বিভাগের সেমিনারে লণ্ডন স্কুল অফ ইকনমিক্‌স থেকে অধ্যাপক T. J. Nossiter এবং Syracuse University থেকে অধ্যাপক গৌতম বসু এসে বক্তৃতা ক'রে গেছেন।

অধ্যাপক অশোক মুস্তাফী, অতীন্দ্রমোহন মুখোপাধ্যায়, সমীরকুমার দাস ও রবীন্দ্রমোহন চৌধুরী যোগ দিয়েছেন।

**দর্শন বিভাগঃ** এই বিভাগের তিনজন ছাত্র পার্ট টু পরীক্ষায় প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। এদের একজন কলকাতা বিশ্ববিদ্যালয়ের সমস্ত ছাত্রদের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। বিভাগীয় প্রধান ডঃ নীরদবরণ চক্রবর্তী ও অধ্যাপক ডঃ জটিলকুমার মুখোপাধ্যায়ের

অধীনে ছাত্ররা গবেষণারত। দুজন ছাত্র পি-এইচ্‌ ডি-র থিসিস জমা দিয়েছেন। অধ্যাপক চক্রবর্তী 'জ্ঞান ও জ্ঞান সম্বন্ধীয় জ্ঞানঃ প্রাচ্য ও প্রতীচ্য দেশীয় ধারণা' সম্পর্কে সর্বভারতীয় আলোচনা-চক্রে আমন্ত্রিত হয়েছিলেন। এই আলোচনা-চক্র ১৯৮৪ সালের নভেম্বরে রবীন্দ্র-ভারতী বিশ্ববিদ্যালয়ে ইউ জি সি-র পৃষ্ঠপোষকতায় আহূত হয়। তিনি কোনও একটি বিভাগে সভাপতিত্ব করেছিলেন আর তাঁর গবেষণা নিবন্ধ নিয়ে আলোচনাও হয়। গত ১৯এ এবং ২৬এ ডিসেম্বর যাদবপুর বিশ্ববিদ্যালয়ে আহূত হয়ে তিনি ছ'টি বক্তৃতাও দেন। অধ্যাপক সঞ্জয়গোপাল রায় পোদ্দার দর্শন বিভাগে যোগ দিয়েছেন।

**ভূগোল বিভাগঃ** এই বিভাগ প্রতিষ্ঠিত হয়েছিল আজ থেকে ৩৪ বছর আগে। ১৯৮৩ সালের পার্ট টু পরীক্ষার যে ফল বেরিয়েছে ১৯৮৪ সালে তাতে দেখা যাচ্ছে যে ১৬ জন ছাত্রই সসম্মানে উত্তীর্ণ হয়েছে আর তাদের মধ্যে আট জনই প্রথম শ্রেণীভুক্ত হয়েছে। পুরানো পাঠক্রমে ১৯৮৩ সালের এম এ/এম এস-সি পরীক্ষায় চার জনের মধ্যে চার জনই উত্তীর্ণ হয়েছে এবং এদের মধ্যে তিনজন প্রথম শ্রেণীভুক্ত হয়েছে। বিভাগ থেকে অধ্যাপক অনাদিপ্রসাদ মুখোপাধ্যায় দার্জিলিং চলে যাওয়াতে তাঁর জায়গায় চন্দন-নগর থেকে শ্রীরামচন্দ্র মুখোপাধ্যায় এবং শ্রীআশিসকুমার সেন চন্দননগর চলে যাওয়াতে শ্রীপ্রদীপকুমার মুখোপাধ্যায় তাঁর পদে যোগ দিয়েছেন। বিভিন্ন ক্ষেত্র-পরিক্রমার সময় তোলা ফোটোগুলির প্রদর্শনী এবং আলোচনা-চক্রের আয়োজন করা হয়েছিল। তৃতীয় বর্ষের সাম্মানিক ভূগোলবিদ্যার ছাত্ররা অধ্যাপক অনাদিপ্রসাদ মুখোপাধ্যায় ও জয়দেবকুমার কোলের তদারকীতে নিম্ন-গঙ্গার সমতল ভূমির ডুমুরদহ, অন্ধ্রপ্রদেশের উপকূলবর্তী সমতলের, পুরী এবং তৎসন্নিহিত স্থানে ক্ষেত্র-সমীক্ষায় গিয়েছিল এবার।

এ ছাড়া 'জনসংখ্যার ভূগোল ও নগর ভূগোল' নিয়ে অধ্যাপক শ্রীপ্রদীপকুমার মুখোপাধ্যায়, 'কৃষিভূগোল' সম্বন্ধে শ্রীজয়দেবকুমার কোলে, 'জলসম্পদ ব্যবহার ও মানচিত্র পরিকল্পনা' বিষয়ে শ্রীপ্রণব রায় এবং 'বাজার সমীক্ষা এবং অপরাধ ভূগোল' নিয়ে অধ্যাপক শ্যামল ঘোষ তাঁদের গবেষণা চালিয়ে যাচ্ছেন।

**ভূতত্ত্ব বিভাগঃ** ভূতত্ত্ববিদ্যার পঠন-পাঠন এবং গবেষণা কার্যে উন্নত মানের জন্য ইউ জি সি এই বিভাগে COSIST পরিকল্পনার আর্থিক সহায়তা দেবেন ব'লে স্থির করেছেন। এ ছাড়া বিশেষ সাহায্য দানের উদ্দেশ্যে একটি বিশেষজ্ঞ দলকেও নভেম্বর ১৯৮৪-তে কমিশন পাঠিয়েছিলেন। এই বিভাগে স্নাতকোত্তর ও স্নাতক শ্রেণী মিলিয়ে মোট ৯৬ জন ছাত্র। পরীক্ষাতেও তারা অসাধারণ উৎকর্ষের পরিচয় দিয়েছে। ১৯৮৩-র পার্ট টু পরীক্ষাতে ১৮ জন পরীক্ষার্থীর মধ্যে ১৪ জনই আর ১৯৮২-র এম এস-সি পরীক্ষায় আট জনের মধ্যে আট জনই প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। ভূতাত্ত্বিক সমীক্ষা শিক্ষণের উদ্দেশ্যে ছাত্রদের বিহার, মহারাষ্ট্র, মধ্যপ্রদেশ, রাজস্থান ও সিকিমের বিভিন্ন স্থানে নিয়ে যাওয়া হয়েছিল। ছাত্রদের গড়া Geological Institute যা ১৯০৫ সাল থেকে চলছে—তার কাজকর্মও অব্যাহত। ছাত্ররা আন্তঃকলেজ প্রশ্নোত্তরের আসর, চলচ্চিত্র প্রদর্শণী ও বক্তৃতার আয়োজনও করে। এখানে এডিনবরা বিশ্ববিদ্যালয়ের ডঃ এম আর ডব্লিউ জনসনও বক্তৃতা করেছেন। এস রায় স্মারক সমিতি ও ইনস্টিটিউটের যৌথ উদ্যোগে অষ্টম এস রায় স্মারক বক্তৃতার আয়োজন করা হয় গত ৭ই নভেম্বর। বক্তৃতা দিয়েছেন খড়গপুর আই আই টি-র ডঃ অশোক মুখোপাধ্যায়। ইনস্টিটিউট থেকে দ্বি-ভাষী পত্রিকা ভূবিদ্যা-র ৪১শ সংখ্যা প্রকাশিত হয়েছে।

Indian Journal of Earth Sciences নামে বিভাগের জার্নালটি যা ১৯৭৪ সাল থেকে প্রকাশিত হয়ে চলেছে—যার সম্পাদকমন্ডলীতে সারা ভারতের বিশেষজ্ঞরা রয়েছেন—তার দ্বিতীয় খণ্ডের ১ম থেকে ৪র্থ সংখ্যা গত বছরে প্রকাশিত হয়। এই বছর থেকে এটি ত্রৈমাসিক পত্রিকা হল। ভূ-বিজ্ঞানের ক্ষেত্রে এই জার্নালটি আন্তর্জাতিক খ্যাতি অর্জন করেছে।

Crustal Evolution of the Indian Shield and its bearing on Metallogeny বিষয়ে ভূতত্ত্ববিদ্যা বিভাগ ভারত সরকারের বিজ্ঞান ও কারিগরী বিষয়ক দপ্তরের উদ্যোগে ও Indian Society of Earth Science -এর সহযোগিতায় একটি সেমিনারের আয়োজন করে। এতে দেশ ও বিদেশের বিশেষজ্ঞরা যোগ দিয়েছিলেন। এই বিষয়ে একটি বিশেষ বিবরণীর প্রকাশনা চলেছে। ১৯৮৪ সালের ফেব্রুয়ারিতে একটি ওয়ার্কশপ সংগঠিত হয় Solid Earth বিষয়ে। এটি ভারত সরকারের উদ্যোগে আয়োজিত হয়েছিল এবং খ্যাতনামা ভূতত্ত্ববিদ্‌গণ আলোচনায় যোগ দেন। এ ছাড়া বিভাগের অধ্যাপক ও তাঁদের পরিচালনাধীন গবেষণা সহায়ক বা ভূতত্ত্ববিদ্যার বিভিন্ন শাখা যেমন Structural Geology, Petrology, Geochemistry Geomathematics, Precambriam Stratigraphy, Economic Geology এবং Paleontology ইত্যাদি বিষয়ে গবেষণা ক'রে চলেছেন ; শিক্ষকরা যে যে বিষয়ে গবেষণা করছেন বা করাচ্ছেন তা এই রকমঃ

**ডঃ এ কে সাহা**

(a) Development of an Indian Data Base for igneous petrology (under the auspices of International Geological Co-relation programme).

(b) Petrology, Geochemistry and mode of emplacement of the granites and pegmatites of the Bihar Mica Belt.

(c) Crustal evolution of Singhbhum-Orissa Iron Ore Craton.

**ডঃ পি কে চট্টোপাধ্যায়**

(a) Stratigraphy and metamorphism of Darjeeling-Sikkim region of Eastern Himalayas.

(b) Potassium-Argon and Rubidium-Stroutium geochronology of the Precambrian of Rajasthan (in collaboration with the Precambrian Geology and Geochronology, Leningrad, USSR).

**শ্রী জি এম ঘটক**

Structure and petrology of Dalma lavas, Singhbhum and Bankura districts.

**ডঃ এম কে বোস**

Structure and petrogeochemistry of the ultramafic emplacements of the Southern part of the Eastern Ghats Precambrian belt with emphasis on trend of crustal evolution and economic mineral potentiality.

**ডঃ পি কে দাশগুপ্ত**

Sedimentation Model of the Barail Sediments (Oligocene) and Barail Hills, Nortn Eastern Himalayas.

**শ্রী এম বি চক্রবর্তী**

Banded iron formations of the Iron Ore Range in Singhbhum, Keonjhar and Sundargarh districts of Bihar-Orissa with reference to their structures, petrology and origin.

**শ্রী ডি কে দাশগুপ্ত**

Petrology and geochemistry of the Mundwars magnatic Suite, Sirohi, Rajasthan.

**শ্রীঅনীশকুমার রায়**

Organo-sedimentary development of parts of Marine Tertiaries of Kutch with particular reference to echonoids, corals and their biotic associates.

**ডঃ এম কে দেব**

Mode of occurrence, mineralogy and nature of supergene enrichment zone in Malanjkhand Copper deposit, Balaghat districts, M.P.

**শ্রী পি কে বন্দ্যোপাধ্যায়**

Geology of Bonai Granite in relation to the crustal evolution of the Singhbhum-Orissa Precambrian province.

**শ্রীঅশোক বন্দ্যোপাধায়**

Tectonism, metamorphic history and mineralisation in South-Western part of Bankura district, West Bengal.

ডঃ এ কে সাহা এ বছরও Mathematical Geology নামক আন্তর্জাতিক জার্নালের সম্পাদকমণ্ডলীর মধ্যে এবং Centre for Study of man and Environment -এর অবৈতনিক সম্পাদক হিসাবে রয়েছেন। এছাড়া Thrust area research Programme on 'Solid Earth, বিষয়ে বিশেষজ্ঞদের কমিটিতে তিনি রয়েছেন। এ কমিটির কার্য নির্বাহ হয় ভারত সরকারের Department of Science and Technology and -র উদ্যোগে। পশ্চিমবঙ্গ সরকারের যে Department of Envirenment আছে তার উদ্যোগে পরিবেশ অনুসন্ধান বিষয়ক পরামর্শদানের জন্য গঠিত কমিটিরও তিনি একজন সদস্য। ডঃ পি কে। গঙ্গোপাধ্যায় এ বছরও দেরাদুনের Wadia Institute of HimalayanGeology -র কাজকর্ম সমীক্ষা করার জন্য যে কমিটি তৈরি করা হয়েছে তার একজন সদস্য হিসাবে রয়েছেন। তিনি Journal of Earth Sciences-এর সম্পাদকও। ডঃ এম কে বোস এ বছরও Earth Scinces and Mining Research Committee-র সদস্য রয়েছেন। এ কমিটি নয়াদিল্লীর CSIR -এর উদ্যোগে গঠিত।

**পদার্থবিদ্যা বিভাগঃ** এ বছরও এই বিভাগের পরীক্ষার ফল খুব সন্তোষজনক। ১৯৮৩ সালের পার্ট টু বি এস-সি পরীক্ষায় ২৫ জন ছাত্রের মধ্যে ১৮ জন প্রথম শ্রেণীতে এবং সাত জন দ্বিতীয় শ্রেণীতে উত্তীন হয়েছে। এম এস-সি পরীক্ষায় ২২ জনের মধ্যে সাত জন প্রথম শ্রেণীতে এবং ১৫ জন দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। গবেষণা নিরত একজন ছাত্র

শ্রীদেবাশিস সেন বিজ্ঞান বিভাগে পি এইচ-ডি পেয়েছে। অধ্যাপক শ্রীনিতাইচরণ মুখার্জী যোগ দিয়েছেন। অধ্যাপক গনেশচন্দ্র ঘোষ বারাসাতে বদলি হয়েছেন। বিভাগীয় প্রধান ডঃ এ কে রায়চৌধুরী পুনর্নিযুক্ত হয়েছেন কিন্তু তিনি আর বিভাগের প্রধান হিসাবে কাজ করতে চান নি। তাই বিভাগের দায়িত্ব গ্রহণ করেছেন ডঃ এস সেনগুপ্ত।

বিভাগের ছাত্ররা দার্জিলিং এবং তৎসন্নিহিত অঞ্চলে শিক্ষামূলক ভ্রমণে গিয়েছিল এবার।

পদার্থবিদ্যা বিভাগের দৈনন্দিন কার্যপরিচালনায় কিছু অসুবিধা দেখা দিয়েছে। দীর্ঘদিন ধ'রে গ্যাস কানেকশন বন্ধ। বিদ্যুৎ সরবরাহ (এ সি) ব্যাহত হচ্ছে। অনার্স ল্যাবরেটরীর ছাদ চুঁইয়ে জল পড়ার দরুণ বৈদ্যুতিক উপকরণের যেমন ক্ষতি হচ্ছে তেমনি ক্ষতি হচ্ছে ল্যাবরেটরীতে পরীক্ষানিরত ছাত্রছাত্রীদের। জিনিসপত্র কেনার বরাদ্দ টাকায় নিয়ন্ত্রণ, নতুন বিধিনিষেধ ও অসুবিধাজনক প্রথা চালু হওয়ায় প্রতিদিনের কাজে খুব বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

**রসায়ন বিভাগঃ** ১৯৮৩ সালের বি এস-সি পার্ট টু পরীক্ষায় পাঁচজন ছাত্রছাত্রী প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। পার্ট ওয়ানের ফল বেরোয় নি। বিভাগে বিভিন্ন অধ্যাপকের পরিচালনায় ১০ জন ছাত্রছাত্রী গবেষণায় নিরত। তিনজন পি-এইচ ডি-র থিসিস জমা দিয়েছেন। এছাড়া তিনজন বিজ্ঞান বিভাগের পি-এইচ ডি পেয়েছেন। বিভাগ থেকে অবসর গ্রহণ করেছেন ডঃ সুবোধ চক্রবর্ত্তী এবং ডঃ তারকেশ্বর চক্রবর্তী। ডঃ তারকেশ্বর চক্রবর্তী অবসর গ্রহণের পর ইউ জি সি কর্তৃক অবসর প্রাপ্ত বৈজ্ঞানিক (Retired Scientist) রূপে নিযুক্ত হয়ে গবেষণায় রত আছেন। এ ছাড়া বদলি হয়ে চলে গেছেন অধ্যাপক স্বপন দত্তগুপ্ত, ইন্দুভূষণ রায় এবং অরুণ চৌধুরী। ডঃ পার্থসারথি চক্রবর্তী কলকাতা বিশ্ববিদ্যালয়ে যোগ দিয়েছেন। নতুন এসেছেন ডঃ পি কে সেন, ডঃ বলাই কুন্ডু, ডঃ স্নিগ্ধা গাঙ্গুলী, ডঃ রঞ্জিত দে, ডঃ শ্যামাপ্রসাদ গোস্বামী, শ্রীধুর্জটীপ্রসাদ দাসশর্মা এবং শ্রীদুলাল দাস। বিভাগের প্রাক্তন প্রধান এবং এই কলেজের প্রাক্তন অধ্যক্ষ ডঃ এস সি সোম ইন্ডিয়ান কেমিকাল সোসাইটির গোল্ডেন জুবিলী উৎসবে আমন্ত্রিত হয়ে Recent Developments in Ion Exchange Techniques বিষয়ে বক্তৃতা দেন।

**গণিত বিভাগঃ** পার্ট টু বি এ/বি এস-সি পরীক্ষায় বিভাগের সাতজন পরীক্ষার্থীর মধ্যে দুজন প্রথম শ্রেণীতে এবং চারজন দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। বিভাগের অধ্যাপক ও টিচার ফেলোরা বিবিধ বিষয়ে গবেষণায় নিরত। নতুন যোগ দিয়েছেন ডঃ মণি মিত্র এবং শ্রী বি এন চক্রবর্তী। অধ্যাপক শ্রীচঞ্চলকুমার চট্টোপাধ্যায় অবসর গ্রহণ করেছেন। অধ্যাপক ডঃ পি চৌধুরী অবসর গ্রহণ করলেও একটি ইউ জি সি রিসার্চ প্রজেক্টে প্রধান অন্বেষক হিসাবে বিভাগের সঙ্গে যুক্ত রয়েছেন।

**রাশিবিজ্ঞান বিভাগঃ** এই বিভাগের পুনর্মিলন উৎসব কমিটি (১৯৭৪) প্রদত্ত ৩,০০০ টাকার অনুদানে গঠিত অধ্যাপক প্রশান্তচন্দ্র মহলানবীশের স্মৃতি তহবিলের সুদ থেকে সাম্মানিক রাশিবিজ্ঞান বিষয়ে সর্বাধিক মানপ্রাপ্ত দুজন ছাত্রকে ১৫০ টাকার বই পুরস্কার দেওয়ার যে ব্যবস্থা হয়েছে এবছর তাতে শ্রীমান অয়নেন্দ্রনাথ বোস এবং শ্রীমতী দেবশ্রী কুন্ডু পুরস্কৃত হয়েছে। প্রথমটি পার্ট ওয়ানে সর্বোচ্চ নম্বর ও দ্বিতীয়টি পার্ট ওয়ান ও পার্ট টু পরীক্ষার মিলিত ফলের ভিত্তিতে দেওয়া হয়।

বিভাগের অধ্যাপক শ্রীশঙ্কর ঘোষ কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে পি-এইচ ডি ডিগ্রী পেয়েছেন। তাঁর থিসিসের নাম ছিল Some Problems of the theory of measures. অধ্যাপক ডঃ বিশ্বনাথ দাস কলম্বিয়া (মিশৌরী) বিশ্ববিদ্যালয়ে International Conference on Reliability and Quality Control-এ আমন্ত্রিত হয়ে একটি গবেষণাপত্র পাঠ করেন এবং সেমিনারে যোগ দেন। তাঁর ভ্রমণ সূচীর আর্থিক দায়িত্ব যৌথভাবে গ্রহণ করেন ভারত সরকারের বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা বিভাগ এবং পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা বিভাগ। এই সফরে তিনি আমেরিকার পিট্‌সবার্গ বিশ্ববিদ্যালয়ে বক্তৃতা দেন এবং আমেরিকা, ব্রিটেন ও আয়ার্ল্যান্ডের কয়েকটি বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেন। বিভাগীয় প্রধান ডঃ অতীন্দ্রমোহন গুণ ইন্ডিয়ান স্টেটিসটিকাল ইনস্টিটিউট ও ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর দ্য স্টাডি অব পপুলেশনের যৌথ উদ্যোগে আয়োজিত এক প্রশিক্ষণ কর্মসূচীতে জনসংখ্যা ও উন্নয়ন বিষয়ে দুটি বক্তৃতা দেন। তাঁকে আমন্ত্রণ জানিয়েছিল ইণ্ডিয়ান স্ট্যাটিসটিকাল ইনস্টিটিউট।

বিভাগের ছাত্রছাত্রীরা 'ক্যাকটাস' নামে একটি দেওয়াল পত্রিকা নিয়মিত প্রকাশ ক'রে চলেছে।

**উদ্ভিদবিদ্যা বিভাগ**ঃ বি এস-সি পার্ট ওয়ান ২২ জন পরীক্ষার্থীর মধ্যে ১৪ জন এবং পার্ট টু-তে ১২ জনের মধ্যে দুজন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। বাকি সবাই দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ। গবেষক ছাত্রদের মধ্যে শ্রী বি দাস ও এস ঘোষ কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে পি-এইচ ডি উপাধি লাভ করেছে। তারা বিভাগীয় প্রধান অধ্যাপক ডঃ এ কে করের অধীনে গবেষণা করেছিল। পশ্চিমবঙ্গের ছত্রাণুবিন্যাসের প্যাটার্ন বিষয়ে আরও দুজন ছাত্র ডঃ এ কে করের কাছে কাজ ক'রে চলেছে। পরিবেশদূষণের বিষয়ে গবেষণা ক'রে চলেছেন ডঃ এস সি সাঁতরা। শ্রী এ পি দাসের গবেষণার বিষয় হলঃ Taxonomic studis of Angeospermic Plants of West Bengal.

উদ্ভিদবিদ্যা বিভাগের কাজ চালাতে কিছু অসুবিধা দেখা দিয়েছে। স্নাতক শ্রেণীর ল্যাবরেটরী সারানো দরকার। এই ল্যাবরেটরী থেকে নিচের ভূতত্ত্ববিদ্যা বিভাগের ক্লাসে জল চুঁইয়ে পড়ছে। নিচের তলার ক্লাসে অসুবিধা সৃষ্টি করছে। ছাদের আলো আসার জায়গায় যে কাঁচ থাকে তা অনেকদিন ভেঙে গেছে। ফলে পায়রা এসে ঢুকছে এবং এদের পরিত্যক্ত আবর্জনায় ল্যাবরেটরী কক্ষ অপরিচ্ছন্ন হয়ে উঠছে। স্নাতকোত্তর শ্রেণী এবং স্নাতক শ্রেণী দুই শ্রেণীর ছাত্রদের ল্যাবরেটরীর ইলেকট্রিক লাইন এবং পয়েন্টস্‌গুলি ভাল ক'রে পরীক্ষা ক'রে সারানো দরকার। বিভাগের ব্ল্যাকবোর্ড কালো-রঙ করার মত ছোটখাটো কাজ না করার জন্য বিভাগের অধ্যাপক ও ছাত্রছাত্রীদের খুব অসুবিধা হচ্ছে।

বিভাগে যোগ দিয়েছেন শ্রী এন ভট্টাচার্য, ডঃ অমলকুমার মুখার্জী এবং ডঃ বি বি দেওয়ান। ডঃ এ কে দত্ত অবসরগ্রহণ করেছেন। শ্রী কে জেড ইসলাম এবং শ্রী এ কে কুণ্ডু বদলি হয়ে গেছেন।

সেমিনার লাইব্রেরীতে পূর্ণ সময়ের গ্রন্থাগারকর্মীর অভাবে বই দেওয়ানেওয়া বন্ধ রাখা হয়েছে।

**প্রাণিবিদ্যা বিভাগঃ** পার্ট ওয়ান ও পার্ট টু বি এস-সি পরীক্ষায় একজন ক'রে ছাত্র এই বিভাগ থেকে প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। পার্ট টু পরীক্ষায় ছজন পরীক্ষার্থী ছিল। বিভাগের দুজন অধ্যাপক পি-এইচ ডি উপাধির জন্য থিসিস তৈরি করছেন। এমনি গবেষণা-নিরত ছাত্রের সংখ্যা তিন। তারা বিভাগেরই অন্য অধ্যাপকগণের পরিচালনায় কাজ ক'রে যাচ্ছেন। বিভাগে কয়েকটি গবেষণামূলক নিবন্ধও তৈরি করানো হয়েছে। গত আগস্ট ১৯৮৪ সালে একটি নিবন্ধ প্রকাশিত হয়েছে।

